১২ জানুয়ারী, ২০২৬

# নির্বাচন ঘিরে নিরাপত্তা ঝুঁকি, অস্ত্র উদ্ধারে অগ্রগতি নেই: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

নির্বাচনের আগে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি এখনও স্বস্তিদায়ক নয় বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তার অভিযোগ, অবৈধ অস্ত্র উদ্ধারে সরকার কার্যকর কোনো উদ্যোগ দেখাতে পারেনি।

সোমবার ঠাকুরগাঁওয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি বলেন, ভোটকে সামনে রেখে নিরাপত্তা নিশ্চিত করা জরুরি হলেও সে জায়গায় সরকারের প্রস্তুতি চোখে পড়ছে না। তবে তিনি আশাবাদী, পরিস্থিতির দ্রুত উন্নতি সম্ভব।

খেলাধুলা প্রসঙ্গেও কথা বলেন বিএনপি মহাসচিব। টি–টোয়েন্টি বিশ্বকাপ ও ক্রিকেটার মোস্তাফিজকে ঘিরে সাম্প্রতিক আলোচনার প্রসঙ্গে তিনি বলেন, ক্রিকেট শুধু খেলা নয়, এটি দেশের সম্মান ও আন্তর্জাতিক ভাবমূর্তির সঙ্গে যুক্ত। কোনো খেলোয়াড়কে হেয় করা মানে দেশের মর্যাদাকেই আঘাত করা।

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের অবস্থানকে সমর্থন জানিয়ে তিনি বলেন, বোর্ড যে সিদ্ধান্ত নিয়েছে তাতে বিএনপি একমত, তবে ছোটখাটো বিরোধ আলোচনার মাধ্যমেই মিটিয়ে নেওয়া উচিত।

রাজনৈতিক প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, বহুদলীয় গণতন্ত্র, স্বাধীন গণমাধ্যম ও বিচার বিভাগের স্বাধীনতা প্রতিষ্ঠায় বিএনপির ভূমিকা রয়েছে। ভবিষ্যতে বিএনপি সরকার গঠন করলে তিস্তা ও অন্যান্য অভিন্ন নদীর পানিবণ্টন নিয়ে ভারতের সঙ্গে ন্যায্য সমাধানে পৌঁছানোর চেষ্টা করা হবে বলেও জানান তিনি।

এ সময় দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের উত্তরাঞ্চল সফর প্রসঙ্গে তিনি বলেন, সফরটি আপাতত স্থগিত হলেও উপযুক্ত সময়ে তা বাস্তবায়িত হবে।